

স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা ও বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের সরকারী অনুদানের অংশ প্রদান

সরকারী অনুদানভুক্ত দেশের স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহের শিক্ষক-শিক্ষিকাদের এ বছরের ফেব্রুয়ারি ও মার্চ মাসের বেতন বাবদ দেয় অনুদানের অর্ধের চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে শনিবার পাঠানো হয়েছে।

সরকারী অনুদানভুক্ত সকল স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধানগণ অর্থ বণ্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকসমূহের সঙ্গে যোগাযোগ করে টাকা তুলতে পারবেন। এ টাকা ৩০ এপ্রিলের মধ্যে প্রদানের জন্য ব্যাংকসমূহকে প্রয়োজনীয় নির্দেশ দেয়া হয়েছে। খবর শুধ্য বিবরণীর।

অপরদিকে, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের এ বছরের মার্চ মাসের বেতন-জাতার সরকারী অংশ বাবদ ২০টি চেক শনিবার অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

আগামী ১৭ এপ্রিলের মধ্যে সংশ্লিষ্ট শাখাব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে বেতন-জাতার সরকারী অংশ উত্তোলনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হয়েছে।

বেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী ২০০২-২০০৩ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে তুলতে পারেননি, তাঁরাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ঐ সময়ের টাকা মার্চ মাসের টাকার সঙ্গে উত্তোলন করতে পারবেন।